



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৬.২২/ ২৬ ২৬/১০

তারিখ: ২৬/১০/২০২২ খ্রিস্টাব্দ
১০/০৬/২০২২ বঙ্গাব্দ

বিষয় : গোপালগঞ্জ জেলার সদর উপজেলাধীন হাজী লালমিয়া সিটি কলেজের জনাব মোহাম্মদ শামীম আহসান, ইনডেক্স- ৪৩৯৯৫৬, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এর পদবি সংশোধন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার সদর উপজেলাধীন হাজী লালমিয়া সিটি কলেজের জনাব মোহাম্মদ শামীম আহসান, ইনডেক্স- ৪৩৯৯৫৬, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এর পদবি প্রভাষক এর পরিবর্তে সহকারী অধ্যাপক করার জন্য অনুরোধ করেন। জনাব মোহাম্মদ শামীম আহসান, ইনডেক্স- ৪৩৯৯৫৬, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি কে কলেজ কর্তৃপক্ষ গত নভেম্বর/২০১৯ মাসে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করেন।

আবেদন পর্যালোচনা করে দেখা যায়, নভেম্বর/২০১৯ মাসের এমপিওশিট অনুযায়ী প্রতিষ্ঠানটিতে ৯ জন সহকারী অধ্যাপকসহ মোট ৩৪ জন সহকারী অধ্যাপক/প্রভাষক এমপিওভুক্ত ছিল। তৎসময়ে ৫:২ অনুপাতে সহকারী অধ্যাপক স্কেল প্রদান করা হতো। সে অনুসারে প্রাপ্যতা ছিল ৯.৭১ জন।

বর্ণিত বিষয়ে সিদ্ধান্তের জন্য এপ্রিল/২০২২ মাসের এমপিও কমিটির বিশেষ সভায় উপস্থাপন করা হয়। অনুচ্ছেদ ৬ এ বিষয়টি আলোচিত হয়।

কমিটির সুপারিশ: গোপালগঞ্জ জেলার সদর উপজেলাধীন হাজী লালমিয়া সিটি কলেজের জনাব মোহাম্মদ শামীম আহসান সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতিতে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৪ ধারা অনুসারে যথাযথ না হওয়ায় প্রভাষক থেকে সহকারী অধ্যাপক হিসেবে উত্তোলিত অতিরিক্ত এমপিও'র অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে ফেরত প্রদান এর বিষয়টি যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক অধ্যক্ষ থেকে ব্যাখ্যা গ্রহণের পরে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহীত হয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তরের এমপিও কমিটির সুপারিশ মোতাবেক ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করার জন্য অধ্যক্ষকে একই বিষয়ে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে মতামত প্রদান করার জন্য গভর্নিং বডি'র সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

লালমিয়া সিটি কলেজ, গোপালগঞ্জ।

অনুলিপি:

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, লালমিয়া সিটি কলেজ, গোপালগঞ্জ।
- ৩। সংরক্ষণ নথি।